কৃষি সুপারিশ

২৪-২৭শে মার্চ,২০২২ (৯ -১২ ই চৈত্র,১৪২৮)

আলু- আলু গাছের কান্ড ও পাতার রং ৫০-৭০ শতাংশ হলদে হলে বুঝতে হবে আলু তোলার উপযুক্ত হয়েছে। জাতের প্রকারভেদে আলু তোলার অন্ততঃ ১৫ দিন আগে মাটির উপরের সবুজ ডাঁটা অংশ কেটে ফেলতে হবে ও ২.৫ গ্রাম ম্যানকোজেব প্রতি লিটার জলে গুলে স্প্রে করতে হবে।এর ফলে আলুর খোসা শক্ত হবে , ওজন বৃদ্ধি পাবে এবং আলু সম্পূর্ণভাবে পরিপক্ক হবে।

গম- কালো ভূষা রোগ দেখা দিলে সকালবেলায় ভিজে কাপড়ে জড়িয়ে আক্রান্ত শিষ শীষ গুলি কেটে নিয়ে পুড়িয়ে ফেলতে হবে অন্যথায় রোগ ছড়িয়ে পড়বে এবং ঐ ক্ষেতের উৎপাদিত দানা বীজ হিসেবে ব্যবহার করা যাবে না। ৮০ শতাংশ গম পেকে গেলে ফসল কেটে নেওয়া দরকার।

ভুট্টা- হাইব্রীড ভূট্টার কমপক্ষে ৩ টি সেচের প্রয়োজন, গাছের হাঁটু উচ্চতা, ফুল আসা ও দানা পুষ্টির সময়ে অবশ্যই সেচ দিতে হবে।

বোরো ধান- রোয়ার ১৫ দিন পরে প্রথম চাপানে একর প্রতি ইউরিয়া ৫৭ কেজি ও থোড় মুখে দ্বিতীয় চাপানে ইউরিয়া ২৮.৫ কেজি ও মিউরেট অফ পটাশ ৮ কেজি প্রয়োগ করতে হবে। বোরো ধানে একরে ৮ কেজি সালফার প্রয়োজন, সুপার ফসফেট ব্যবহার করলে আলাদাভাবে সালফারের প্রয়োজন নেই। রোয়ার ২০-২৫ দিন ও ৩৫-৪০ দিন পরে দুবার নিড়ানি যন্ত্র বা হাত দিয়ে আগাছা তুলে ফেলে মাটি ভালো করে থেঁটে দিতে হবে। জিঙ্কের অভাব জনিত এলাকায় একরে ১০ কেজি জিঙ্ক সালফেট মূলসার বা প্রথম চাপানে প্রয়োগ করা যায়। মাটির পরিবর্তে পাতায় প্রয়োগ করতে হলে রোয়ার ১ মাস ও ১.৫ মাস পরে প্রতি লিটার জলে ০.৫ গ্রাম চিলেটেড জিঙ্ক গুলে স্প্রে করতে হবে।

সূর্যমুখী- তামাকের কীড়া, শুঁয়ো পোকা ইত্যাদির আক্রমন হলে ট্রায়াজোফস ৪০% ইসি ১ মিলি বা ক্লোরোপাইরিফস ৫০% + সাইপারমেথ্রিন ৫% ১.৫ মিলি বা ইন্ডোক্সাকার্ব ১৫.৮% ইসি. ১ মিলি লিটার প্রতি লিটার জলে গুলে স্প্রে করতে হবে।

চীনাবাদাম- বোনার ৩০-৩৫ দিন পর গাছের পেগিং এর সময় একর প্রতি ৮০-১০০ কেজি জিপসাম সারির মাঝে জমিতে প্রয়োগ করতে হবে এবং গাছের গোড়া বেঁধে দিতে হবে।

চৈতি ছোলা - বোনার ৩০ দিনের মাথায় ১টা সেচের প্রয়োজন হয়।বোনার ৩০ তেন ও ৪৫ দিনের মাথায় ২ % ডিএপি দ্রবণ স্প্রে করা প্রয়োজন।

তিল - ঘন গাছ পাতলা করে প্রতি কাঁমিটারে তিলোত্তমার জন্য ৩৫-৪০টি এবং রমার জন্য ৪০-৫০ টি রাখা প্রয়োজন।

আখ- আখ বসানোর ৪০-৪৫ দিন পর ও ৮০-৯০ দিন পর বিঘা প্রতি১৫ কেজি ইউরিয়া প্রতিবারে মাটিতে প্রয়োগ করুন।
রোগ পোকা আক্রমনের দিকে লক্ষ্য রাখুন ও প্রয়োজনীয় ব্যবস্থা নিন।

পাট- উত্তরবঙ্গের অল্পবৃষ্টিপাতযুক্ত উচু এলাকায় তিতা পাটের উন্নত জাত -- সোনালী,পদ্মা, রেশমা ইত্যাদি ফেব্রুয়ারীর মাঝ থেকে মার্চ মাসের শেষ পর্যন্ত বোনা যায়। বেলে-দোঁয়াশ, এঁটেল-দোঁয়াশ বা পলি-দোঁয়াশ মাটিতে পাট ভাল জন্মায় । মাটির পি.এইচ ৬ .০- ৭ .৫ এর মধ্যে থাকলে ভাল হয়। সাধারণত উঁচু ও মাঝারি জমিতে মিঠা পাট ভাল হয়। সব রকম জমিতে তিতা পাট চাষ করা যায়।মিঠা পাটের উন্নত জাতগুলি হল- চৈতালি, বাসুদেব, নবীন, বৈশাখী,তোষা, সুবর্ণজয়ন্তী তোষা, শক্তি, সূর্য, সুবলা, সুরেন, ইরা ইত্যাদি। তিতা পাটের উন্নত জাতগুলি হল- সোনালী, সবুজ সোনা, শ্যামলী, পদ্মা, রেশমা, মিতালী, শ্রাবন্তী, পার্থ, বিধান-১, বিধান-২, বিধান-৩ ইত্যাদি।

চৈতি কলাই চাষের উপযুক্ত জাতগুলি হল- বসন্ত বাহার (পি.ডি.ইউ-১), গৌতম(ডব্লু.বি.ইউ-১০৫), কালিন্দী(বি-৭৬)। ফাল্গুন-চৈত্র মাসে বিঘা প্রতি (৩৩ শতক) ৩ -৪ কেজি বীজ ছড়িয়ে বা সারিতে বুনতে হবে। বীজ বোনার আগে, মুগার মত বীজ শোধন ও রাইজোবিয়াম কালচার মেশাতে হবে। সারি থেকে সারির দূরত্ব ৩০ সেমি ও গাছের দূরত্ব ১৫ সেমি রাখতে হবে। একর প্রতি ৮ কেজি নাইট্রোজেন, ১৬ কেজি ফসফরাস ও ১৬ কেজি পটাশ প্রয়োগ করে বীজ বুনতে হবে। কলাই চাষে কোন চাপান সার লাগে না।

জমিতে কাজ করবার সময়ে অতি অবশ্যই কোভিড নিয়ন্ত্রণ বিধি মেনে চলতে অনুরোধ করা হচ্ছে ।
বিস্তারিত জানতে আপনার ব্লকের স্থানীয় কৃষি প্রযুক্তি সহায়ক বা সহ-কৃষি অধিকর্তার কার্য্যালয়ে যোগাযোগ করুন ।

কৃষি অধিকর্তা, পশ্চিমবঙ্গ সরকার-এর

পক্ষে

যুগ্ম-কৃষি অধিকর্তা (জন সংযোগ, সম্প্রচার ও তথ্য),
পশ্চিমবঙ্গ